

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
www.lgd.gov.bd


স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০৩.২০.২৬০৮

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২  
২৬ নভেম্বর ২০২৫

**বিষয়: ভূমিকম্পের বিষয়ে জরুরি করণীয় সংক্রান্ত।**

গত ২১ ও ২২ নভেম্বর ২০২৫ তারিখে ঢাকা ও নিকটবর্তী অঞ্চলসমূহে ৪টি ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রাক-প্রস্তুতি গ্রহণ, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে ক্ষয়ক্ষতির পরিমাণ সর্বাধিক হ্রাসকরণে জেলা পরিষদসমূহ কর্তৃক প্রয়োজনীয় সকল ধরনের প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন।

২। এ লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহবান, জনসচেতনতা তৈরি, জেলা পরিষদের অধীন ঝুঁকিপূর্ণ ভবন চিহ্নিত করে আইন অনুযায়ী পরিত্যক্ত ঘোষণা, সড়কে পতিত বিধ্বস্ত স্থাপনাসমূহ দ্রুততম সময়ে অপসারণের প্রয়োজনীয় প্রস্তুতি রাখা, ভূমিকম্পে ক্ষয়ক্ষতি প্রতিরোধের সর্বাধুনিক ও টেকসই প্রযুক্তি ব্যবহারসহ দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব  
ফোন +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email Igzp@lgd.gov.bd

বিতরণ:


১. প্রশাসক, জেলা পরিষদ (সকল);
২. প্রধান নিবাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)

স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০৩.২০.২৬০৮

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২  
২৬ নভেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব